শিক্ষার্থীর আচরণগত চুক্তি
(গ্রেড ৬-১২)

শিক্ষার্থীর নাম	জন্ম তারিখ	ক্লাশ

আমি জানি আমার এই অধিকার আছে যে:

- একটি নিরাপদ ও সহযোগিতাপূর্ণ শিক্ষার পরিবেশে থাকার, যা বৈষম্য, হয়রানি ও গোঁড়ামী থেকে মুক্ত;
- কোন্ আচরণটি যথোপযুক্ত এবং কোন্ আচরণের ফলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে, তা জানার;
- কোন্ আচরণ স্কুলে আমার শিক্ষা এবং কল্যাণকে প্রভাবিত করতে পারে সে সম্বন্ধে পেশাদার কর্মীর কাছ থেকে পরামর্শ পাওয়ার;
- স্কুলের প্রবিধান ভঙ্গের অভিযোগে সাময়িক কিংবা স্থায়ীভাবে বহিষ্কৃত হতে পারি, এমন ক্ষেত্রে উপযুক্ত আইনি প্রক্রিয়ার আশ্রয় নেয়ার;

আমি সম্মতি দিচ্ছি যে:

- সময়মত স্কুলে আসব;
- আমার প্রতিটি ক্লাস শুরু হওয়ার সময় লেখাপড়ার জন্য তৈরি হয়ে উপস্থিত হব;
- প্রদত্ত কাজসহ সকল প্রয়োজনীয় উপকরণ নিয়ে প্রস্তুত থাকব;
- শিক্ষার্থী সমাজের সবার প্রতি সম্মান প্রদর্শন করব;
- সকল বিরোধের শান্তিপূর্ণ নিষ্পত্তি করব এবং স্কুলের ভেতরে, বাইরে বা কর্মসূচিস্থলে মারামারি পরিহার করব;
- কোন কর্মী কোন নির্দেশ দিলে বা অনুরোধ জানালে কোন রকম তর্ক না করে, ভদ্র ব্যবহার এবং সহযোগিতা করব। আমি জানি যে আমি তার অনুরোধে সম্মত না হলে উপযুক্ত সময়ে আমাকে আমার মতামত জানানোর সুযোগ দেয়া হবে;
- আমি আমার নিজের জিনিসপত্রের দায়িত্ব নেব এবং অন্যের জিনিসপত্রের মর্যাদা দেব;
- উপযুক্ত পোশাক পড়ব, শরীরের সাথে মিশে যায় এমন পাতলা ট্যাংক টপ্‌স্, উদর অনাবৃত পোষাক, সংক্ষিপ্ত শর্ট্‌স্ অথবা মিনি স্কার্ট্‌স্ ইত্যাদি উত্তেজক পোষাক পড়ব না;
- অপরাধী-চক্রে অন্তর্ভুক্তির কোন নিশানা আছে, এমন কোন পোশাক (যেমন: গলাবন্ধ বা মাথার পট্টি) পড়ব না এবং অপরাধী-চক্রের কোন চিহ্ন, নাম, শ্লোগান, গতিবিধি ও হ্যান্ড-শেক থেকে বিরত থাকব;
- স্কুলে কোন রকম অস্ত্র-শস্ত্র, বে-আইনি মাদক, নিয়ন্ত্রিত বস্তু এবং অ্যালকোহল আনব না;
- কোন রকম বাঁধা সৃষ্টিকারী ব্যক্তিগত ব্যবহার্য জিনিস (যেমন: সেল ফোন, বিপার, পেজার) আনব না;
- স্কুল কমিউনিটির স্বাস্থ্য, কল্যাণ ও নিরাপত্তাকে প্রভাবিত করতে পারে এমন তথ্য স্কুল কর্তৃপক্ষকে অবহিত করব;
- স্কুল সংক্রান্ত সকল বিষয় পিতা-মাতা/অভিভাবককে জানাব এবং বাড়িতে পাঠানো সমস্ত তথ্য অবশ্যই তাদের হাতে তুলে দেব;
- শৃঙ্খলা বিধিতে বর্ণিত সমস্ত নিয়মগুলো মেনে চলব;
- শিক্ষার্থীদের অধিকার ও কর্তব্যের সনদ অনুযায়ী দায়িত্বশীল আচরণ করব।

আমি ***শৃঙ্খলা বিধি*** এবং ***শিক্ষার্থীদের অধিকার ও কর্তব্যের সনদ***-এর একটি প্রতিলিপি পেয়েছি এবং এই চুক্তির অর্থ বুঝতে পেরেছি। আমি এ আচরণ বিধি পালনে সম্মতি জানাচ্ছি।

শিক্ষার্থীর নাম: ______________________ স্বাক্ষর: ______________________ তারিখ: ______________________
(ছাপার অক্ষরে)

{পিতা-মাতার অংশ}

আমি ***শৃঙ্খলা বিধি*** এবং ***শিক্ষার্থীদের অধিকার ও কর্তব্যের সনদ***-এর একটি প্রতিলিপি পেয়েছি এবং আমার সন্তানের কাছ থেকে কি রকম আচরণ প্রত্যাশা করা হচ্ছে তা জানতে পেরেছি।

আমি সন্তানকে এই চুক্তি মেনে চলতে এইভাবে সাহায্য করতে সম্মতি দিচ্ছি

- সন্তানকে স্কুল কমিউনিটির দায়িত্বশীল ও শান্তিকামী সদস্য হতে উৎসাহিত করে
- সন্তানের সঙ্গে শৃঙ্খলা বিধি এবং শিক্ষার্থীদের অধিকার ও কর্তব্যের সনদের বিষয়বস্তু নিয়ে আলোচনা করে
- সন্তানের লেখাপড়া বিষয়ক আলোচনা এবং সিদ্ধান্তগ্রহণে অংশ নিয়ে
- স্কুল কর্মীদের সঙ্গে নির্ধারিত সাক্ষাৎকারে যোগ দিয়ে
- বর্তমান টেলিফোন নম্বর এবং আপৎকালীন যোগাযোগের সূত্র প্রদান করে
- সন্তানের স্বাস্থ্য সংক্রান্ত ব্যাপারে উল্লেখযোগ্য পরিবর্তন হলে বা তার লেখাপড়ায় প্রভাব ফেলতে পারে, এমন কোন শারিরীক পরিবর্তন হলে, স্কুলকে সচেতন করে দিয়ে।

পিতা-মাতা/অভিভাবকের নাম: ______________________________ তারিখ: ______________________
(ছাপার অক্ষরে)

পিতা-মাতা/অভিভাবকের স্বাক্ষর: ______________________________

শিক্ষার্থীর আচরণগত চুক্তি
(গ্রেড 'কে'-৫)

শিক্ষার্থীর নাম	জন্ম তারিখ	ক্লাশ

আমি জানি আমার এই অধিকার আছে যে:

- একটি নিরাপদ স্কুলে থাকার, যা বৈষম্য, হয়রানি ও গোঁড়ামী থেকে মুক্ত;
- কোন্ আচরণটি যথোপযুক্ত এবং কোন্ আচরণের ফলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে, তা জানার;
- আমার আচরণ স্কুলে আমার কল্যাণ ও লেখাপড়াকে কিভাবে প্রভাবিত করতে পারে সে সম্বন্ধে কর্মীদের পরামর্শ পাওয়ার;
- সাময়িক কিংবা স্থায়ীভাবে বহিষ্কৃত হতে পারি, স্কুলের এমন কোন প্রবিধান আমি ভঙ্গ করলে উপযুক্ত আইনী প্রক্রিয়ার আশ্রয় নেয়ার;

আমি সম্মতি দিচ্ছি যে:

- সময়মত প্রস্তুত হয়ে পিতা-মাতার সহায়তায় স্কুলে আসব;
- ভদ্র এবং নম্র ভাষা ব্যবহার করব;
- কারো চিন্তা, সহায়তা বা ভদ্রতার স্বীকৃতিস্বরূপ শ্রেণিকক্ষে এবং কমিউনিটি সভায় যোগদান করব
- বিরোধের শান্তিপূর্ণ নিস্পত্তি করব এবং আমার অনুভূতি ভাষা দিয়ে ব্যক্ত করব;
- পরিষ্কার, পরিচ্ছন্ন এবং নিরাপদ পোষাক পড়ব;
- নিজের জিনিসপত্রের দায়িত্ব নেব এবং অন্যের জিনিসপত্রের মর্যাদা দেব;
- প্রতিদিন আমি স্কুলে কি শিখলাম, তা পিতা-মাতাকে জানাব;
- প্রতিদিন বাড়ির কাজ করব এবং তা পিতা-মাতা/অভিভাবককে জানাব
- শৃঙ্খলা বিধিতে বর্ণিত নিয়মগুলো মেনে চলব;

আমি এ বিষয়ে পিতা-মাতার সাথে আলোচনা করেছি এবং আমি এ চুক্তিটি মেনে চলব।

শিক্ষার্থীর নাম: ______________________ স্বাক্ষর: ______________________ তারিখ: ______________________
(ছাপার অক্ষরে)

{পিতা-মাতার অংশ}

আমি ***শৃঙ্খলা বিধি*** এবং ***শিক্ষার্থীদের অধিকার ও কর্তব্যের সনদ***-এর একটি প্রতিলিপি পেয়েছি এবং আমার সন্তানের কাছ থেকে কি রকম আচরণ প্রত্যাশা করা হচ্ছে তা জানতে পেরেছি।

আমি জানি সন্তানের লেখাপড়ায় আমার অংশগ্রহণ সন্তানকে স্কুলে সফল হতে সাহায্য করবে। আমি এ চুক্তিটি পড়েছি এবং আমি আমার সাধ্য অনুযায়ী নিম্নবর্ণিত দায়িত্ব সর্বতোভাবে প্রতিপালন করব।

- সন্তানকে স্কুল কমিউনিটির একজন দায়িত্বশীল ও শান্তিকামী সদস্যে পরিণত হতে উৎসাহিত করব।
- সন্তানের সঙ্গে শৃঙ্খলা বিধি এবং শিক্ষার্থীদের অধিকার ও কর্তব্যের সনদের বিষয়বস্তু নিয়ে আলোচনা করব।
- পিতা-মাতার সাথে সাক্ষাৎ, শ্রেণিকক্ষের কর্মসূচী এবং অন্যান্য কর্মকান্ড যাতে আমার সন্তান সংশিস্নষ্ট আছে, তাতে অংশ নেব।
- সন্তান যাতে প্রতিদিন সময়মত স্কুলে উপস্থিত হয়, তা নিশ্চিত করব।
- সন্তানের বাড়ির কাজ সম্পাদনের জন্য তাকে একটি নিরিবিলি জায়গা দেব।
- প্রতিদিন অন্ততঃ ১৫ মিনিট করে সন্তানের সাথে পড়ব।
- সন্তানের কাছ থেকে তার স্কুলের অভিজ্ঞতার কথা শুনব।
- স্কুলকে বর্তমান টেলিফোন নম্বর এবং আপৎকালীন যোগাযোগের সূত্র প্রদান করব।
- সন্তানের স্বাস্থ্য সংক্রান্ত উল্লেখযোগ্য কোন পরিবর্তন হলে বা তার লেখাপড়ায় প্রভাব ফেলতে পারে এমন কোন শারিরীক পরিবর্তন হলে স্কুলকে সচেতন করব।

পিতা-মাতা/অভিভাবকের নাম: ______________________________ তারিখ: ______________________
(ছাপার অক্ষরে)

পিতা-মাতা/অভিভাবকের স্বাক্ষর: ______________________________